

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১১৩. উমরী কাযা কাকে বলে এটা কিভাবে পড়ব?

উমরী কাযা বলে কোন নামায় নেই। তবে অতীত জীবনের বছরের পর বছর ধরে যে নামাযগুলো পড়া হয় নাই সেগুলো পড়াকে অনেকে উমরী কাযা বলে। বিজ্ঞ ফকীহদের মতে উমরী কাযা পড়া লাগবে না। তবে আগের না পড়া নামাযের জন্য অনুতপ্ত হয়ে তাওবা করবে এবং এখন থেকে যথাযথভাবে পাঁচ ওয়াক্ত সালাত আদায় করতে থাকবে। আর সাথে সাথে নফল সালাত বেশি বেশি পড়বে। এতদসঙ্গে তাহাজ্জুদ, চাশত, ইশরাক, তাহিয়্যাতুল ওয়ু, দুখুল সমজিদ ইত্যাদি সালাত নিয়মিত পড়ার চেষ্টা করবে। আশা করা যায় আল্লাহ এতে ক্ষমা করে দেবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, নামাযের কোন কাফফারাও নাই। মাইয়্যেতের পক্ষ থেকে বদলী নামায় পড়াও জায়েয় নেই।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12999

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন